# এপ্রিল/২০১৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ শাহজাহান ভূইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
তারিখ ঃ ২৬ এপ্রিল, ২০১৫।
সময় ঃ দুপুর ১২.০০ টা।
স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি বিগত সভার কার্য বিবরনী পাঠ করে শুনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৩৯ জন চিকিৎসক এর সেবা দানের মাধ্যমে তাঁর বিভাগের কার্যক্রম ভালভাবে চলছে। আগামী ২ সপ্তাহের মধ্যে এ্যাম্বুলেন্স সচল হবে এবং সার্ভিস পাওয়া যাবে। গতকাল ২৫ এপ্রিল ভিটামিন এপ্লাস ক্যাম্পেইন হয়েছে। এবার ভিটামিন এ খাওয়ানোর পরিমান সর্বোচ্চ। | এ্যাম্বুলেন্স সচল রাখাসহ বিভাগীয় কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা |
| ২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প.প. কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী |
| ৩ | উপজেলা প্রকৌশলী | পরিশিষ্ট "ক" তে সংযুক্ত | | |
| ৪ | কৃষি বিভাগ | ক) উপজেলা কৃষি কর্মকর্তা জানান, উপজেলা পর্যায়ে প্রযুক্তি হস্তান্তরের জন্য কৃষক প্রশিক্ষণ দ্বিতীয় পর্যায়) প্রকল্পের একটি দ্বিতল প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের কাজ চলছে। ইতোমধ্যে দ্বিতীয় তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। অভ্যন্তরীন ফিটিংস এর কাজ চলছে। আশা করা যায় নির্মাণ কাজ যথা সময়ে সম্পন্ন হবে।<br>খ) চলতি খরিপ-১ মৌসুমে আবাদ বৃদ্ধির লক্ষ্যে ১৫৫ জন চাষীর প্রত্যেককে বিনামূল্যে ৫কেজি বীজ, ২০ কেজি ইউরিয়া, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমপিও সার দ্রুততম সময়ের মধ্যে বিতরন করা হবে।<br>গ) ৮৫০০ হেক্টর বোরো আবাদী জমির সার্বিক অবস্থা ভাল। বীজ সংরক্ষণ ও বালাই ব্যবস্থাপনা সম্পর্কে সময়োপযোগী পরামর্শ প্রদান অব্যহত রয়েছে।<br>ঘ) চলতি খরিপ-১ মৌসুমে গ্রীষ্মকালীন সব্জি আবাদ শুরু হয়েছে। সব্জির চাষাবাদ, সার-সেচ ও বালাই ব্যবস্থাপনা সম্পর্কে সময়োপযোগী পরামর্শ প্রদান অব্যহত থাকবে।<br>ঙ) অত্র উপজেলায় রাসায়নিক সারের কোন সংকট নেই। সারের পর্যাপ্ততার লক্ষ্যে মনিটরিং অব্যহত থাকবে। | ক) যথা সময়ে নির্মাণ কাজ শেষ করতে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।<br>খ) যথাযথভাবে বিতরন কার্যক্রম সম্পন্নের জন্য অনুরোধ জানানো হয়।<br>গ-ঘ) সার-সেচ ও বালাই ব্যবস্থাপনা সম্পর্কে সময়োপযোগী পরামর্শ প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।<br>ঙ) সারের পর্যাপ্ততার লক্ষ্যে মনিটরিং অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) সাধারণ কর্মসূচীর আওতায় প্রথম পর্যায়ে উপজেলার ৭টি ইউনিয়ননের জন্য ১১০.৭১০ মে.টন চাল বরাদ্দ করা হয়। যা দ্বারা ৫৬টি প্রকল্পের তালিকা জেলা কর্ণধার কমিটির সভায় গৃহীত ও অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্পের অনুকূলে খাদ্য শষ্য ছাড়করা হয়েছে। কাজ চলমান আছে। | নীতিমালা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | খ) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টিআর) সাধারণ কর্মসূচীর আওতায় প্রথম পর্যায়ে তারাব পৌরসভায় বরাদ্দকৃত ৪৬.১১০ মে.টন গম দ্বারা বাস্তাবায়নের জন্য গৃহীত ১২টি প্রকল্প জেলা কর্ণধার কমিটির সভায় গৃহীত ও অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্পের অনুকূলে খাদ্য শষ্য ছাড়করা হয়েছে। কাজ চলমান আছে।<br>গ) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) সাধারণ কর্মসূচীর আওতায় প্রথম পর্যায়ে কাঞ্চন পৌরসভায় বরাদ্দকৃত ২৮.৬২০৬ মে.টন গম দ্বারা বাস্তাবায়নের জন্য গৃহীত ২৪টি প্রকল্প জেলা কর্ণধার কমিটির সভায় গৃহীত ও অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্পের অনুকূলে খাদ্য শষ্য ছাড়করা হয়েছে। কাজ চলমান আছে।<br>ঘ) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) সাধারণ কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ে উপজেলার ৭টি ইউনিয়নের জন্য বরাদ্দকৃত ১২৬ মে.টন, চালের ১৩টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। কাজের গড় অগ্রগতি ১০০%<br>অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | | |
| ৮ | শিক্ষা | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। | এধারা অব্যহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ৯ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, গোবিন্দপুর মাদ্রাসা ও পলখান উচ্চ বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ নাই। সোলার প্যানেল স্থপনের জন্য সভা কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। পাবলিক পরীক্ষা কেন্দ্র সমূহে প্রয়োজনীয় বেঞ্চ সরবরাহের জন্য ও অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলীকে প্রয়োজীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ১০ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তররের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এধারা অব্যহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাজসেবা কর্মকর্তা। |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তররের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায় কার্যক্রম শতভাগ এবং খেলাপী ঋণ আদায়ে জোর প্রচেষ্টা চলছে। | ঋণ ও প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ১২ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | মহিলা বিষয়ক |
| ১৩ | বিআরডিবি | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৫ | সমবায় | উপজেলা সমবায় অফিসার জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৬ | খাদ্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বিভিন্ন সিএসডি থেকে খাদ্য শষ্য রূপগঞ্জ এলএসডিতে প্রেরণ করা হয়। খারাপ ৩৯ টন চাল আলাদা করে রাখা হয়েছিল। এর নমুনা ঢাকার সেন্ট্রাল ল্যাবরেটরী তে প্রেরণ করা হয়। পরীক্ষান্তে চাল খাবার উপযোগী সিদ্ধান্ত পাওয়ায় বিতরন করা হয়েছে। | ভবিষ্য খাদ্য শস্য গুদামজাত করার পূর্বে গুনগত মান যাচাই করার জন্য খাদ্য নিয়ন্ত্রক ও খাদ্য গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ জানান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত, রূপগঞ্জ এলসডি |
| ১৭ | বন বিভাগ | -- | -- | -- |
| ১৮ | একবাএখা | উপজেলা সমন্বয়কারী জানান যে, সঞ্চয় প্রাদান ও ঋণ প্রদানের কার্যক্রম স্বাভাবিক চলছে। উপজেলা সমন্বয়কারীকে শতভাগ সঞ্চয় আদায় করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং-৬৩৬, তারিখ ঃ ২৭/০৩/২০১৪ এবং স্মারক নং-৬৬২, তারিখ ঃ ৩০/০৩/২০১৪ উপজেলা পর্যায়ে একটি বাড়ি একটি খামার ও পল্লী সঞ্চয় ব্যাংকের নিজস্ব কার্যালয় স্থাপনের | একটি বাড়ি একটি খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক পরিচালনার জন্য পর্যাপ্ত কক্ষ বরাদ্দ দেয়ার জন্য সভা সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন্য জমি বরাদ্দের নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক জুন/২০১৪ এ অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভায় উপজেলা পরিষদ চত্বরে ইসলামিক ফাউন্ডেশনের পাশে ৩ শতক জমি বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে উপজেলা পরিষদের নতুন ভবন নির্মিত হওয়ায় অন্যান্য অফিস সমূহ নতুন ভবনে স্থানান্তরের সিদ্ধান্ত থাকায় বর্তমান উপজেলা পরিষদ ভবন হতে অনেক কক্ষ খালি হবে বিধায় সেখানে নতুন ভবনের কোন প্রয়োজন হবে না। | | |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শাহজাহান ভূইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৬৭৬৮.০০০.১৬.০৯.১৩- ৩৪৫/১(৪০)

তারিখঃ ২১/০৫/২০১৫ খ্রি।

**সদয় জ্ঞাতার্থেঃ-**

১। মাননীয় সংসদ সদস্য-২০৪, নারায়ণগঞ্জ-০১।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

**অবগতি ও কার্যার্থে ঃ**

১। মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
২। উপজেলা ......................................................................কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৩। মেয়র, কাঞ্চন পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান........................................................ইউপি (সকল), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫। জনাব/বেগম.....................................................................................।

২১/০৫/২০১৫
উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।